

## B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-8

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।  
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'এমনি দুই পাখি / দৌঁহারে ভালোবাসে'  
'দৌঁহারে' কথার অর্থ কী? শব্দটি দ্বারা কাদের বোঝানো হয়েছে?
- (খ) 'কেন রে বিধাতা পাষণ হেন'...  
কোন কবিতার অংশ? বিধাতাকে পাষণ বলা হয়েছে কেন?
- (গ) 'মেঘদূত' কোন কাব্যগ্রন্থের কবিতা? কবিতায় কোন প্রাচীন কবির নাম উল্লিখিত হয়েছে?
- (ঘ) 'মনে হল আকাশ-পানে চেয়ে'  
আকাশ-পানে চেয়ে কার কী মনে হল?
- (ঙ) 'ভীতু, ভীতু, ভীতু কোথাকার'!  
কোন কবির রচনা? কাকে ভীতু বলা হয়েছে?
- (চ) 'আমি আনন্দিত'  
কোন কবির কোন কবিতার অংশ? কবির আনন্দের কারণ কী?
- (ছ) 'তবু মনে হয় যেন সেদিন সকাল'  
বক্তা কে? কোন ঘটনাকে বক্তা 'সেদিন সকাল' বলেছেন?
- (জ) 'বনলতা সেন' কোন কাব্যগ্রন্থের কবিতা? কবিতায় যেসব প্রাচীন নগরের নাম আছে তার উল্লেখ করো।
- (ঝ) 'একবেণী হিয়া ছাড়ে না মলিন কাঁথা।'  
হিয়াকে একবেণী বলার কারণ কী?
- (ঞ) 'একদিন যেওনা হারিয়ে'  
কবি কেন, কোথায় হারানোর কথা বলেছেন?
- (ট) 'তোমার আকাশ দাও ...'  
কোন কবিতার অংশ? এখানে 'তোমার' বলতে কার কথা বলা হয়েছে?
- (ঠ) 'এবার যুদ্ধ তোমার আর আমার জন্যে।'  
— বক্তা কে? এখানে কোন যুদ্ধের কথা বলা হয়েছে?

- (ড) 'তোমাকে আমি দেখিনা কত যুগ।'  
'তোমাকে' বলতে কাকে বোঝানো হয়েছে? অংশটি কোন কবিতার অন্তর্গত?
- (ঢ) 'আমার সন্ততি স্বপ্নে থাক।'  
'সন্ততি' কথাটির অর্থ কী? এখানে কার সন্ততির কথা বলা হয়েছে?
- (ণ) 'এসবই আমার পুরনো পোশাক'  
কবির পুরনো পোশাকগুলি কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'ভাঙ ভাঙ ভাঙ কারা, আঘাতে আঘাত কর।'  
কোন কবিতার অংশ? কবি এখানে কোন 'কারা' ভাঙার কথা বলেছেন?
- (খ) 'দুই পাখি' কবিতায় দুটি পাখির কথোপকথনের মধ্য দিয়ে কোন সত্যকে কবি প্রতিষ্ঠিত করতে চেয়েছেন?  
'দুই পাখি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (গ) 'কোনোদিন ব্যাঙের খাঁটি কথাটি কি পেরেছি লিখতে'  
বক্তা কে? 'ব্যাঙের খাঁটি কথাটি' কী?—আলোচনা করো।
- (ঘ) 'মেলাবেন তিনি মেলাবেন।'  
অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- (ঙ) 'সমস্ত ট্রাফিক তুমি মন্ত্রবলে থামিয়ে দিয়েছ।'  
কে কীভাবে ট্রাফিক থামিয়ে দিয়েছিল তা কবিতা অবলম্বনে আলোচনা করো।
- (চ) 'স্বপ্নেও যে তোমার দেখা নেই।'  
কোন কবিতার অংশ? এখানে কার কথা বলা হয়েছে? স্বপ্নে কবির চোখে তার যে রূপ ধরা পড়েছে তার পরিচয় দাও।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'বিদায় অভিষাপ' কবিতাটির নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

'তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত' — সমগ্র কবিতাটি অবলম্বনে এই উদ্ধৃতিটির বক্তা-চরিত্রের পরিচয় দাও।

- (খ) 'বনলতা সেন' কবিতায় কবির প্রেমচেতনার স্বরূপ আলোচনা করো।

অথবা

'একখানা হাত' কবিতাটিতে জীবনের অপূর্ণতার বেদনা যেভাবে প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।